
সমকাল

তারিখ ... 17 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...



অধ্যাপক
রেজাউল হত্যা

# রাবির শিক্ষক শিক্ষার্থীদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান

■ রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অস্তিত্ব রক্ষায় এবং ইংরেজি বিভাগের অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকীর হত্যাকারীদের শাস্তি নিশ্চিত করতে শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের ঐক্যবদ্ধ হয়ে আন্দোলন করার আহ্বান জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিন। গতকাল মঙ্গলবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের সামনে আয়োজিত মানববন্ধন থেকে তিনি এ আহ্বান জানান।

এ সময় রাবি উপাচার্য বলেন, 'অধ্যাপক রেজাউল হত্যার বিচারের দাবিতে চলমান আন্দোলন বিশ্ববিদ্যালয়ের অস্তিত্ব রক্ষার বিষয় হয়ে দাঁড়িয়েছে। তাই আমারা এ হত্যার বিচার নিশ্চিত করে আমার-আপনার মধ্যে যে আতঙ্ক নেমে এসেছে তা থেকে মুক্তি পেতে চাই।'

অধ্যাপক এ এফ এম রেজাউল করিম সিদ্দিকী হত্যার বিচার দাবিতে গতকাল ১৮তম দিনের মতো আন্দোলন করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি পূর্বঘোষিত কর্মসূচির অংশ হিসেবে আয়োজিত এ মানববন্ধনে ইংরেজি বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা একাত্মতা ঘোষণা করেন। মানববন্ধনে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক শাহ আজম, ইংরেজি বিভাগের সভাপতি এ এফ এম মাসউদ আখতার প্রমুখ। গত ২৩ এপ্রিল সকালে নগরীর শালবাগান এলাকায় নিজ বাসার পাশে অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকীকে কুপিয়ে হত্যা করে দুর্বৃত্তরা।